

১১তম কার্যনির্বাহী সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ

আয়োজক : অ্যালামনাই এসোসিয়েশন ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

তারিখ : ১৮ সেপ্টেম্বর ২০২৫, বৃহস্পতিবার

স্থান : অনলাইন (জুম মিটিং)

সময় : রাত ৯:৩০ মিনিট

সভাপতিত্ব:

সভায় সভাপতিত্ব করেন এসোসিয়েশনের সভাপতি জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ।

সভার সূচনা:

- মহাসচিব আসলাম পারভেজ মিঠু সভাপতি এর অনুমতিক্রমে মিটিং এর এজেন্ডা অনুসারে মিটিং শুরু করেন।
- অনলাইন সভাটি সভাপতি ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে শুরু করেন।
- সংগঠনের কার্যক্রমের উন্নয়ন ও ভবিষ্যৎ পরিকল্পনা বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করা হয়।

আলোচ্যসূচি:

- প্রিভিলেজ কার্ড সিলেকশন ও বিতরণ কমিটি প্রসঙ্গে আলোচনা।
- ওয়েবসাইট ও অ্যালামনাই এসোসিয়েশনের সফটওয়্যার বাস্তবায়ন কমিটি প্রসঙ্গে আলোচনা।
- এডমিন প্যানেল ও অনলাইন নীতিমালা প্রসঙ্গে আলোচনা।
- বিবিধ।

- মিটিংয়ে ১৩ জন উপস্থিত ছিলেন অনেকেই ব্যক্তিগত প্রয়োজন এবং পারিবারিক সমস্যার কারণে মিটিংয়ে অংশগ্রহণ করতে পারেনি।

উপস্থিতি:

- জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ ' সভাপতি
- জনাব আসলাম পারভেজ মিঠু ' মহাসচিব
- মোঃ মাসুদ রেজা ' সিনিয়র সহ সভাপতি
- মোহাম্মদ মুসা ' সহ সভাপতি
- তানভীর মোরশেদ চৌধুরী ' সহ সভাপতি
- জনাব মুফতি মোঃ ইসহাক ' কোষাধ্যক্ষ

৭. মাহবুব রাশেদ রুবেল ' যুগ্ম মহাসচিব
৮. জনাব মোঃ এমদাদ উল হক ' সাংগঠনিক সচিব
৯. জনাব মিজানুর রহমান আপেল ' প্রচার ও জনসংযোগ সচিব
১০. সোহেল সিকদার জুম্মান ' দপ্তর ও পাঠাগার সচিব
১১. মোঃ নুরুজ্জামান ' নির্বাহী সদস্য
১২. মোঃ রাশেদ খান ' নির্বাহী সদস্য
১৩. মিফতাহুর রহমান ' নির্বাহী সদস্য

আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

- **প্রিভিলেজ কার্ড সিলেকশন ও বিতরণ কমিটি:**

সভায় সর্বসম্মত সিদ্ধান্ত হয় যে, একজন আহ্বায়ক ও দুইজন সদস্য মিলিয়ে তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হবে। এজন্য প্রত্যেক সদস্যকে তাদের প্রস্তাবিত নাম কার্যনির্বাহী গ্রুপে আগামী ২২ সেপ্টেম্বর ২০২৫, সোমবারের মধ্যে প্রদান করতে অনুরোধ করা হয়।

- **ওয়েবসাইট ও সফটওয়্যার বাস্তবায়ন কমিটি:**

একইভাবে, একজন আহ্বায়ক ও দুইজন সদস্য মিলিয়ে তিন সদস্য বিশিষ্ট আরেকটি কমিটি গঠন করা হবে। এজন্যও প্রস্তাবিত নাম আগামী ২২ সেপ্টেম্বর ২০২৫, সোমবারের মধ্যে কার্যনির্বাহী গ্রুপে জমা দেওয়ার অনুরোধ করা হয়।

- **কোষাধ্যক্ষের প্রতি অনুরোধ:**

কোষাধ্যক্ষ জনাব মুফতি মোঃ ইসহাক এর প্রতি বকেয়া আদায়ের বর্তমান অবস্থা জানানোর অনুরোধ করা হয়। এ তথ্য কার্যবিবরণী গ্রুপে পোস্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়।

- **এডমিন প্যানেল:**

ফেসবুক গ্রুপ ও ফেসবুক পেজকে আরও সক্রিয় ও গতিশীল করতে নতুন এডমিন প্যানেল নীতি প্রণয়ন নিয়ে আলোচনা হয়।

- **অনলাইন নীতিমালা:**

সংগঠনের অনলাইন কার্যক্রমের সুষ্ঠু পরিচালনার জন্য একটি সুনির্দিষ্ট অনলাইন নীতিমালা প্রণয়ন করার সিদ্ধান্ত হয়।

- **সদস্যদের দায়িত্বশীলতা:**

সকলকে তাদের নিজ নিজ দায়িত্ব পালনে সচেতন হওয়ার জন্য সভাপতি আহ্বান জানান।

সভাপতির সিদ্ধান্ত ও সমাপ্তি ঘোষণা:

সভাপতি জনাব কাজী মোহাম্মদ রহমতউল্লাহ সিদ্ধান্ত ঘোষণা করেন যে, আগামী ২৪ সেপ্টেম্বর ২০২৫, বুধবার রাত ১০:০০ টায় অনলাইন (জুম) সভা অনুষ্ঠিত হবে।

তিনি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান এবং সকলে যেন এতে অংশগ্রহণ করেন সেই আহ্বান জানান। পরিশেষে, সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

K.M. Rahmatullah

কাজী মোহাম্মদ রহমতউল্লাহ
সভাপতি

অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল

আসলাম পারভেজ মিঠু

আসলাম পারভেজ মিঠু
মহাসচিব

অ্যালামনাই এসোসিয়েশন
ঢাকা গভ. মুসলিম হাই স্কুল